তারিখ 06 AUG 1994
পৃষ্ঠা ১ কলাম ৩

দৈনিক জনকণ্ঠ

# ক্যাম্পাস বিস্ফোরণোন্মুখ ॥ আজ ছাত্রদের ধর্মঘট ও বিক্ষোভ ॥ রবি-সোম শিক্ষকদের কর্মবিরতি

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** শিক্ষকদের ওপর হামলার প্রতিবাদে ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি আগামী রবি ও সোমবার পূর্ণ দিবস কর্মবিরতি ঘোষণা করেছে। একই সাথে সমিতির পক্ষ থেকে হামলাকারীদের গ্রেফতার ও বিচার দাবি করা হয়েছে। শুক্রবার শিক্ষক সমিতির এক জরুরী সভায় এ কর্মসূচী ঘোষণা করা হয়। এদিকে বৃহস্পতিবার ক্যাম্পাসে সংঘটিত সন্ত্রাসী ঘটনার জের এখনও চলছে। ভয়াবহ কোন দুর্ঘটনা ঘটে যেতে পারে আবার। বৃহস্পতিবারের বন্দুকযুদ্ধের দু'পক্ষ ছাত্রদল ও ছাত্রলীগ (ম-ই) কর্মীদের মধ্যে এখনও তীব্র উত্তেজনা বিরাজ করছে। দু'পক্ষই আজ শনিবার ক্যাম্পাসে ভিন্ন ভিন্ন কর্মসূচী ঘোষণা করেছে। ছাত্রলীগ (ম-ই) আজ সর্বাত্মক ছাত্র ধর্মঘট আহ্বান করেছে। একই দিনে জাতীয়তাবাদী ছাত্রদল ঘোষণা করেছে বিক্ষোভ দিবস পালনের কর্মসূচী। দু' সংগঠনের একই দিনের এ কর্মসূচী ঘোষণায় সাধারণ ছাত্রছাত্রীদের মধ্যে আতঙ্ক সৃষ্টি করছে। যে কোন সময় ভয়াবহ সংঘর্ষের আশঙ্কা প্রকাশ করেছে বিশ্ববিদ্যালয় পরিবারের সদস্যরা। এদিকে বিশ্ববিদ্যালয় হলগুলোতে বহিরাগতদের সংখ্যা বৃদ্ধি পেয়েছে বলে জানা গেছে। প্রতিপক্ষের হামলাকে মোকাবিলা করার জন্য তাদের আনা হয়েছে বলে কয়েকটি সূত্র জানায়। বৃহস্পতিবারের সংঘর্ষের পর শুক্রবারও ক্যাম্পাসে আতঙ্ক ছিল। দিনের প্রথমার্ধে ছাত্রদলের নেতাকর্মীরা মধুর কেন্টিনে অবস্থান করে। ছাত্রলীগের নেতাকর্মীরা অবস্থান করে টিএসসি এলাকায়। বৃহস্পতিবারের ঘটনার জের ধরে দু'জন ছাত্রদলের হল পর্যায়ের নেতা শুক্রবার প্রহৃত হয়েছে বলে ছাত্রদলের পক্ষ থেকে জানানো হয়েছে। এরা হচ্ছেন জগন্নাথ হল ছাত্রদলের সাধারণ সম্পাদক রূপক ও মুহসীন হল ছাত্রদলের সহ-সভাপতি জামান। প্রত্যক্ষদর্শীরা জানায়, বেলা সাড়ে ১২টার দিকে টিএসসি থেকে যাওয়ার পথে ছাত্রলীগের কর্মীরা হাকিম চত্বরের সামনে জামানকে প্রহার করে। প্রহারে তার মাথা ফেটে যায় এবং তাকে পিজি হাসপাতালে ভর্তি করা হয়। একই দিনে ছাত্রদলের কর্মীরা সূর্যসেন হলে ছাত্রলীগ (ম-ই) কর্মীদের তিনটি রুম ভাঙচুর করেছে বলে ছাত্রলীগের পক্ষ

*(শেষ পৃষ্ঠা ৩ কঃ দেখুন)*

## ক্যাম্পাস বিস্ফোরণোন্মুখ

*(প্রথম পাতার পর)*

থেকে জানানো হয়।

এদিকে বৃহস্পতিবারের বন্দুকযুদ্ধের সময় পায়ে গুলিবিদ্ধ ইতিহাস বিভাগের শিক্ষক ডঃ রতনলাল চক্রবর্তীর অবস্থা উন্নতির দিকে বলে হাসপাতাল সূত্র জানায়। শুক্রবার আওয়ামী লীগ সভানেত্রী ও বিরোধীদলীয় নেত্রী শেখ হাসিনা পঙ্গু হাসপাতালে আহত শিক্ষককে দেখতে যান এবং তাঁর খোঁজ-খবর নেন। এছাড়া কলা অনুষদের কর্মচারী বজলুর রহমানের অবস্থাও উন্নতির দিকে বলে জানা গেছে।

### শিক্ষক সমিতি

ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি রবিবার ও সোমবার কর্মবিরতির সিদ্ধান্ত নিয়েছে। শিক্ষকদের ওপর হামলাকারীদের গ্রেফতারের দাবিতে এ কর্মসূচী গ্রহণ করা হয়।

ঢাকা বিশ্ববিদ্যালয় ক্লাবে অনুষ্ঠিত এ সাধারণ সভায় সমিতি সভাপতি অধ্যাপক শাহাদত আলী সভাপতিত্ব করেন।

সভায় শিক্ষকরা সামগ্রিক ক্যাম্পাস পরিস্থিতি সম্পর্কে আলোচনা করেন। সভায় গৃহীত এক প্রস্তাবে ডঃ এরশাদুল বারীকে সাতদিনের মধ্যে বিশ্ববিদ্যালয়ের গুরুত্বপূর্ণ পদসমূহ থেকে অপসারণ করার দাবি জানানো হয়। অপর এক প্রস্তাবে বলা হয়, শিক্ষক সমিতি নিশ্চিত যে ঐদিন ডঃ এরশাদুল বারীর কক্ষ ভাংচুর হয়নি। ছাত্রদের আগমনের আগেই সেখানে বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছিল। তছাড়া দু'জন ছাত্র কক্ষের কাছাকাছি গেলে পুলিশ তাদের গতিরোধ করে। কিন্তু কতিপয় পত্রিকা এ ঘটনাকে রং লাগিয়ে এবং কয়েকটি সংগঠন বড় বড় বিবৃতি দিয়ে ক্যাম্পাস পরিস্থিতি জটিল করে তুলছে বলে সভায় শিক্ষকরা মত প্রকাশ করেন।

সংঘর্ষ চলাকালে পুলিশী ভূমিকার নিন্দা জানিয়ে বলা হয়, পুলিশ শিক্ষকদের রক্ষা করতে কোন পদক্ষেপ গ্রহণ করেনি। এমনকি বন্দুকযুদ্ধ থামাতেও তাদের ভূমিকা যথেষ্ট ছিল না।

### সাংবাদিকতা বিভাগের ছাত্রছাত্রীদের সাংবাদিক সম্মেলন

বৃহস্পতিবারের সংঘর্ষের সময় একদল উচ্ছৃঙ্খল যুবক কর্তৃক সাংবাদিকতা বিভাগ ভাংচুর এবং শিক্ষকদের উপর হামলার প্রতিবাদে সাংবাদিকতা বিভাগের ছাত্ররা শুক্রবার এক সাংবাদিক সম্মেলন করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতিতে আয়োজিত এ সাংবাদিক সম্মেলনে বক্তারা সাংবাদিকতা বিভাগে হামলা ও শিক্ষকদের লাঞ্ছিত করার ঘটনায় তীব্র নিন্দা ও ক্ষোভ প্রকাশ করেন। তারা এ ঘটনার সাথে জড়িতদের বিচার ও বিশ্ববিদ্যালয় থেকে বহিষ্কারের দাবি জানান। হামলার প্রতিবাদে সাংবাদিকতা বিভাগের পক্ষ থেকে আগামী ৭ আগস্ট ১১টায় ক্যাম্পাসে মৌন প্রতিবাদ মিছিল ও ৮ আগস্ট বিভাগায় ক্লাস বর্জনের কর্মসূচী ঘোষিত হয়।

সাংবাদিক সম্মেলনে লিখিত বক্তব্য পাঠ করেন জিয়াউল হক স্বপন। এ সময় উপস্থিত ছিলেন রুবাইয়াত ফেরদৌস মুক্তি, এজাজ মোহাম্মদ ভাই পাপ্পু, আর রাজু পাপ্পু, মাসুদ চৌধুরী, নেসার আহমেদ, মঞ্জুর মোর্শেদ দিফাক, চিকন চৌধুরী (আজগর) ও তরিকুল ইসলাম রবিন।

### ছাত্রলীগের সভা ও সমাবেশ

আজকের ধর্মঘট সফল ও সম্ভাব্য পরিস্থিতি সম্পর্কে শুক্রবার সংগঠনের কেন্দ্রীয় কার্যালয়ে ছাত্রলীগের কার্যকরী পরিষদের সভা অনুষ্ঠিত হয়। দলীয় সূত্র জানায়, কেন্দ্রীয় নেতৃবৃন্দ এ সভায় আত্মরক্ষামূলক প্রস্তুতি গ্রহণের ব্যাপারে মত প্রকাশ করেন। একজন নেতা জানান, আমরা কখনও ছাত্রদলের ওপর হামলা করিনি এবং করতেও চাই না। তবে আমাদের ওপর হামলা হলে তা প্রতিহত করার ব্যাপারে সভায় আলোচনা হয়।

এদিকে ধর্মঘট সমর্থনে সন্ধ্যায় টিএসসি এলাকায় ছাত্রলীগ মিছিল ও সমাবেশ করে। এ সময় বক্তৃতা করেন আতাউর রহমান আতা, পঙ্কজ নাথ, ইকবাল হোসেন অপু, শফিকুল ইসলাম শফিক প্রমুখ।

### রাজাকার প্রতিরোধ কর্মসূচী স্থগিত

ক্যাম্পাসে উদ্ভূত পরিস্থিতির কারণে সাম্প্রদায়িকতা বিরোধী ছাত্রসমাজ আজ শনিবার পূর্ব ঘোষিত 'রাজাকার প্রতিরোধ' কর্মসূচী স্থগিত করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয় থেকে রাজাকার ও তাদের সহযোগীদের উচ্ছেদ করার লক্ষ্যে এ কর্মসূচী গ্রহণ করা হয়েছিল। ক্যাম্পাস পরিস্থিতি স্বাভাবিক হলে আবারও এ কর্মসূচী গ্রহণ করা হবে বলে ছাত্রসমাজের এক নেতা জানান।

### জামায়াতে ইসলামী

জামায়াতে ইসলামীর সেক্রেটারি জেনারেল মাওলানা মতিউর রহমান নিজামী ক্যাম্পাসে বিরাজমান পরিস্থিতিতে উদ্বেগ প্রকাশ করেছেন। তিনি এসব ঘটনার জন্য ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক ও ছাত্রদের দলীয় সংকীর্ণতাকে দায়ী করেন।

### বিভিন্ন সংগঠনের আরও নিন্দা

ক্যাম্পাসে সংঘটিত বন্দুকযুদ্ধ ও শিক্ষকদের ওপর হামলার নিন্দা জানিয়ে বিভিন্ন সংগঠনের নিন্দা ও বিবৃতি অব্যাহত রয়েছে। এসব বিবৃতিতে নেতৃবৃন্দ সন্ত্রাসীদের গ্রেফতার ও বিচারের জোর দাবি জানান।

সংগঠনসমূহ হচ্ছে বাংলাদেশ কমিউনিস্ট পার্টি, বাংলাদেশ ওয়ার্কার্স পার্টি, বাংলাদেশ কলেজ-বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি, জিয়া যুব পরিষদ, তাহফিজে হারামাইন পরিষদ, ছাত্রলীগ (কনক-মুন্না), বাংলাদেশ ন্যাশনাল কংগ্রেস, প্রগতিশীল জাতীয়তাবাদী দল, মসজিদ পরিষদ।

### এরশাদুল বারীর মেয়াদ বৃদ্ধি

এদিকে সরকার গত বৃহস্পতিবার সিন্ডিকেটে সরকার মনোনীত সদস্য হিসাবে ডঃ এরশাদুল বারীর মেয়াদ বৃদ্ধি করেছে। উল্লেখ্য, সিন্ডিকেট সদস্য হিসাবে তাঁর মেয়াদ শেষ হয়ে গিয়েছিল। শিক্ষক সমিতির সাধারণ সভায় শিক্ষকবৃন্দ জাতীয় সঙ্গীত বাজানোর বিরোধিতাকারী হিসাবে ডঃ এরশাদুল বারীকে সিন্ডিকেট সদস্য হিসাবে পুনঃ মেয়াদ বৃদ্ধি করায় ক্ষোভ প্রকাশ করেন। কোন কোন শিক্ষক এ ঘটনাকে উস্কানিমূলক বলে আখ্যা দেন।

### ছাত্রদলের প্রতিবাদ

শুক্রবার বিভিন্ন দৈনিকে প্রকাশিত ঢাকা বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি ও ছাত্রলীগ (ম-ই) নেতৃবৃন্দের বক্তব্যের প্রতিবাদ জানিয়েছেন ছাত্রদল সভাপতি ফজলুল হক মিলন ও সাধারণ সম্পাদক নাজিমউদ্দীন আলম। নেতৃদ্বয় বলেন, বৃহস্পতিবারের ঘটনার জন্য শিক্ষক সমিতি যে একপাক্ষিক ছাত্রদলকে দায়ী করেছে তা নিন্দনীয়-উদ্দেশ্যপ্রণোদিত। একই সাথে ছাত্রলীগ বিএনপি মহাসচিব সম্পর্কে যে বক্তব্য দিয়েছে তাও মিথ্যাচার ছাড়া কিছুই নয়।

### প্রভোস্ট কমিটির সভা

উপাচার্যের সভাপতিত্বে শুক্রবার প্রভোস্ট কমিটির এক সভা অনুষ্ঠিত হয়। সভায় গত কয়েকদিন ধরে বিশ্ববিদ্যালয়ে যে সব সন্ত্রাসী ঘটনা ঘটেছে তার জন্য উদ্বেগ প্রকাশ ও এ ধরনের ঘটনার নিন্দা জ্ঞাপন করা হয়। সভায় বিভিন্ন হলের একটি সংগঠনের ছাত্রদের কক্ষ ভাংচুর হয়েছে বলে যে সংবাদ প্রকাশিত হয়েছে তা সত্য নয় বলে কমিটিকে জানানো হয়।

পরীক্ষা স্থগিত

ঢাকা বিশ্ববিদ্যালয়ে শনিবার অনুষ্ঠিতব্য কোর্স পদ্ধতির যাবতীয় পরীক্ষা স্থগিত ঘোষণা করা হয়েছে। স্থগিতকৃত পরীক্ষার তারিখ শীঘ্রই ঘোষণা করা হবে। পরীক্ষার সময়সূচীর অন্যান্য অংশ অপরিবর্তিত থাকবে বলে এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়েছে।